অবিলম্বে প্রকাশের জন্য: 10/16/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটের জন্য চিয়ার্স! গভর্নর হোকল ফিঙ্গার লেকসের ওয়াইন রিজিওনকে অভিনন্দন জানালেন, WINE ENTHUSIAST তাদেরকে "2025 আমেরিকান ওয়াইন রিজিয়ন অফ দ্য ইয়ার" হিসেবে ঘোষণা করেছেন

গ্লোবাল ম্যাগাজিনের দেওয়া এই স্বীকৃতি অঞ্চলের ভাইনইয়ার্ড, ভিন্টার্স এবং ভিটিকালচারকে তুলে ধরে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে *Wine Enthusiast* ম্যাগাজিনের মর্যাদাপূর্ণ ওয়াইন স্টার অ্যাওয়ার্ডসের (Wine Star Awards) অংশ হিসেবে তাদের 2025 আমেরিকান ওয়াইন রিজিয়ন অফ দ্য ইয়ার (2025 American Wine Region of the Year) হিসেবে ঘোষিত হওয়ার জন্য ফিঙ্গার লেকস (Finger Lakes) অঞ্চলকে অভিনন্দন জানালেন। সম্মানটি অঞ্চলের বিশ্বমানের ওয়াইন তৈরি, সাস্টেনেবল প্র্যাকটিস এবং সহযোগিতামূলক কমিউনিটির স্বীকৃতি দেয় যা নিউ ইয়র্ক স্টেটকে (New York State) আমেরিকান ভিটিকালচারের নেতা হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

"লেকের পাশের ভাইনইয়ার্ড থেকে শুরু করে পরিবারের পরিচালনা করা ওয়াইনারি পর্যন্ত, ফিঙ্গার লেকস অঞ্চল বিশ্বমানের ওয়াইন উৎপাদন এবং সারা বিশ্বের ভিজিটরদের স্বাগত জানিয়ে চলেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "New York Wine and Grape Foundation-এর সাথে একসাথে কাজ করে স্টেট এর ওয়াইন প্রস্তুতকারকদের এবং ভাইন ইয়ার্ডগুলিকে সমর্থন করে চলেছে, যা ইন্ডাস্ট্রির বিকাশ ও সমৃদ্ধিকে উৎসাহিত করে। *Wine Enthusiast*-এর আমেরিকান ওয়াইন রিজিয়ন অফ দ্য যার হিসেবে ফিঙ্গার লেকসের নাম ঘোষণা শুধু নিউ ইয়র্কের ওয়াইন প্রস্তুতকারকদের প্রতিভা এবং আবেগের প্রমাণ না, বরং এটি হলো আমাদের স্টেটের অর্থনীতি এবং গ্লোবাল ওয়াইন গন্তব্য হিসেবে আমাদের খ্যাতির জন্য একটি জয়।"

ফিঙ্গার লেকসে 11টি গ্লেসিয়াল লেক এবং 140টির বেশি ওয়াইনারি আছে, এবং এটি হলো নিউ ইয়র্ক স্টেটের সবথেকে বড় এবং সবথেকে প্রতিষ্ঠিত ওয়াইন প্রস্তুতকারক অঞ্চল। ক্যানানডাইগুয়া (Canandaigua), কেউকা (Keuka), সেনেকা (Seneca) এবং ক্যাইয়ুগা লেকসকে (Cayuga Lakes) কেন্দ্র করে গঠিত এই এলাকাটি এর ঠাণ্ডা জলবায়ুর স্থানীয় এবং হাইব্রিড প্রজাতির বৈচিত্র্যের জন্য, এবং একই সাথে ক্লাসিক ভিনিফেরা প্রজাতির বৈচিত্র্যের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত, যার মধ্যে রিজলিং (Riesling) এবং ক্যাবানে ফ্রাঙ্ক (Cabernet

Franc) আছে। ফিঙ্গার লেকস এছাড়াও বিশ্বমানের রোজে এবং স্পার্কলিং ওয়াইন উৎপাদন করে। অঞ্চলের অনন্য ভূগোল এবং মাইক্রোক্লাইমেট একটি পরিবারের মালিকানার এবং পরিচালিত ওয়াইনারির বাড়তে থাকা কমিউনিটি তৈরি করেছে, যাদের মধ্যে অনেকেই সাস্টেনেবল ওয়াইন উৎপাদনের পথ প্রদর্শনকারী। এখন পর্যন্ত ফিঙ্গার লেকসের 55টি ভাইনইয়ার্ড New York Sustainable Winegrowing প্রোগ্রামের অধীনে সার্টিফাইড হয়েছে।

Wine Enthusiast-এর মিডিয়া প্রেসিডেন্ট Jacqueline Strum (জ্যাকলিন স্ট্রাম) বলেন, "ফিঙ্গার লেকস আমেরিকান ওয়াইনের জন্য নতুনত্ব, দৃঢ়তা, এবং মানের প্রতীক হয়ে আছে। অঞ্চলের ওয়াইন প্রস্তুতকারকেররা ঐতিহ্যের জন্য অনেক সম্মানকে সাস্টেনেবিলিটি এবং কমিউনিটির প্রতি অগ্রগামী চিন্তার প্রতিশ্রুতির সাথে মিলিত করে এমন ওয়াইন উৎপাদন করে যা ধারাবাহিকভাবে বিশ্বের সেরাগুলির মধ্যে থাকে। ফিঙ্গার লেকসের অসাধারণ ওয়াইন, মানুষ এবং স্থানের যে চেতনা অঞ্চলকে সত্যিই বিশেষ করে তার জন্য আমরা তাদেরকে 2025 আমেরিকান ওয়াইন রিজিয়ন অফ দ্য ইয়ার হিসেবে একটি ওয়াইন স্টার অ্যাওয়ার্ড দিচ্ছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "ফিঙ্গার লেকসের ওয়াইন ইন্ডাস্ট্রির গ্লোবাল স্বীকৃতি চাষি, উৎপাদনকারী, এবং কমিউনিটির মধ্যে দুর্দান্ত পার্টনারশিপকে তুলে ধরে যা নিউ ইয়র্কের পুরো স্টেটের ওয়াইন ইন্ডাস্ট্রির উন্নতি করতে সাহায্য করে চলেছে। ওয়াইনারি এবং ভাইন ইয়ার্ডের এই পরিবার গ্রামীণ কমিউনিটিতে ভালো বেতনের স্থানীয় চাকরি এবং আঞ্চলিক অর্থনৈতিক বিকাশকে সমর্থন করে এবং পর্যটনকে সচল করে কারণ সারা বিশ্বের মানুষ অঞ্চলের ধনসম্পদের অভিজ্ঞতা নেওয়ার জন্য ভ্রমণ করতে আসেন। এই অ্যাওয়ার্ড হলো বহু দশকের পরিশ্রম, ভিশন, এবং সৃজনশীলতার ফলাফল, এবং আঙ্গুরকে ক্ষেত থেকে ওয়াইন বানাতে কাজ করা নিবেদিত দলগুলিকে আমি অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "নিউ ইয়র্কের ওয়াইন ইন্ডাস্ট্রি তাদের মান এবং নতুনত্বের জন্য সারা বিশ্বে স্বীকৃতি অর্জন করে চলেছে, তাই এটি নিঃসন্দেহে মানানসই যে Wine Enthusiast তাদের 2025 আমেরিকান ওয়াইন রিজিয়ন অফ দ্য ইয়ারের জন্য আমাদের ফিঙ্গার লেকসকে বেছে নিয়েছে। এটি হলো নিউ ইয়র্ক স্টেটে আমাদের ক্র্যাফট পানীয়ের খাতের সাফল্যের একটি প্রমাণ, এবং ফিঙ্গার লেকস অঞ্চলের যে চাষি ও উৎপাদনকারীদের পরিশ্রমের স্বীকৃতি এই সম্মানের মাধ্যমে দেওয়া হচ্ছে তা নিয়ে আমি অনেক বেশি গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট লিকার অথোরিটির (New York State Liquor Authority) চেয়ার Lily M. Fan (লিলি এম ফ্যান) বলেন, "আমাদের ভিন্টার্সদের অসাধারণ কারিগরি দক্ষতা এবং দৃঢ়তা আরেকবার সম্পূর্ণভাবে প্রদর্শিত হচ্ছে, অনেক নিউ ইয়র্কবাসীরাই যা বহু বছর ধরে জানেন তা তুলে ধরা হচ্ছে যে ফিঙ্গার লেকসের ওয়াইনের কোনো তুলনা নেই। Wine Enthusiast-এর আমেরিকান ওয়াইন রিজিয়ন অফ দ্য ইয়ার ঘোষিত হওয়া হলো এমন একটি ব্যাপার যা নিয়ে আমাদের ওয়াইন প্রস্তুতকারকেরা গর্ব করতে পারেন। নিউ ইয়র্কে 400-এর বেশি ওয়াইনারি আছে, এবং গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের কারণে আমাদের ওয়াইন ইন্ডাস্ট্রি নতুন উচ্চতায় এবং দারুন উন্নতির দিকে দ্রুত অগ্রসর হচ্ছে। চিয়ার্স!"

New York Wine & Grape Foundation-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Sam Filler (স্যাম ফিলার) বলেন, "ফিঙ্গার লেকস ওয়াইন রিজিয়নের খ্যাতি তৈরি করতে অনেকে অনেক দশক ধরে অবদান রেখেছেন। অঞ্চলে কমিউনিটি এবং সহযোগিতার একটি দৃঢ় চেতনা আছে। তাদের ঐক্যের মাধ্যমে তাদের শক্তির শুরু হয়। একসাথে আমরা মান, স্বাদ এবং অভিজ্ঞতার নতুন সংজ্ঞা তৈরি করছি। এই অ্যাওয়ার্ডটি বিশেষ কারণ এটি স্বীকৃতি দেয় যে কীভাবে ফিঙ্গার লেকস আন্তর্জাতিক ওয়াইন মঞ্চে একটি অনন্য স্থান ধারণ করে আছে।"

Finger Lakes Wine Alliance-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Amy Navor (এমি নেভোর) বলেন, "ফিঙ্গার লেকসের জন্য এটি দুর্দান্ত একটি মুহূর্ত, এই অঞ্চলটি দৃঢ়তা দিয়ে তৈরি, সহযোগিতা দিয়ে এর সংজ্ঞা দেওয়া হয়, এবং তারা বিশ্বের কাছে তাদের গল্প বলে চলেছে। আমাদের একাধিক জেনারেশনের চাষি এবং উদীয়মান নতুন ওয়াইনারিগুলি একে অন্যকে সাহায্য করে, একটি কমিউনিটির আকার দেয় যা পরিবর্তনের মাধ্যমে সমৃদ্ধি করে এবং বিশ্বমানের ঠাণ্ডা জলবায়ুর ওয়াইন তৈরি করে। *Wine Enthusiast* থেকে পাওয়া এই স্বীকৃতি সামগ্রিক এই চেতনাকে নিশ্চিত করে, এটি প্রমাণ যে ফিঙ্গার লেকসের ওয়াইনের উন্নতি হলে একই সাথে নিউ ইয়র্কেরও উন্নতি হবে। যে নতুনত্ব, বিশুদ্ধতা এবং সকলের সাফল্য ভাগ করে নেওয়া নিউ ইয়র্কের আজকের ওয়াইন অঞ্চলগুলির সংজ্ঞা দেয় তা তুলে ধরার জন্য New York Wine & Grape Foundation এবং পুরো স্টেটে আমাদের পিয়ারদের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট 2014 সালে *Wine Enthusiast*-এর ওয়াইন রিজিয়ন অফ দ্য ইয়ারের জন্য একটি ওয়াইন স্টার অ্যাওয়ার্ড জিতেছিলো। সম্মানটি একটি গ্লোবাল ওয়াইন গন্তব্য হিসেবে অঞ্চলের ধারাবাহিক পরিবর্তনকে তুলে ধরে, যা পর্যটনকে সচল করে, স্থানীয় অর্থনীতিকে সমর্থন করে এবং স্টেটের কৃষি ও সাংস্কৃতিক পরিচয়কে জোরদার করে।

ওয়াইন স্টার অ্যাওয়ার্ড সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন Wine Enthusiast এর ওয়েবসাইট।

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন